# ব্রি ধান৭৭

## সমৃদ্ধির জন্য ধান

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি), ফ্যাক্ট শীটঃ আমন ধানের জাত

### জাত পরিচিতি

ব্রি ধান৭৭ এর কৌলিক সারি নং বিআর৭৯৪১-১১৬-১-২-১। সারিটি আইআর৭৫৮৬২-২০৮-৮-বি-বি-এইচআর১ এবং বিআর৬১১০-১০-১-২-এর মধ্যে শংকরায়নের মাধ্যমে উদ্ভাবিত। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট গাজীপুরে এবং ব্রি আঞ্চলিক কার্যালয় বরিশাল এবং সংলগ্ন জোয়ার ভাটা অঞ্চলে উক্ত কৌলিক সারিটি বিভিন্ন পর্যায়ে পরীক্ষা-নিরীক্ষা এবং কৃষকের মাঠে ফলন পরীক্ষা সন্তোসজনক হওয়ায় ২০১৫ সালে জাতীয় বীজ বোর্ড কর্তৃক আমন মৌসুমে চাষাবাদের জন্য জাত হিসাবে অনুমোদন দেয়া হয়।

### জাতের বৈশিষ্ট্য

- জাতটি অধিক ফলনশীল।
- পূর্ণ বয়স্ক গাছের গড় উচ্চতা ১৪০ সেমি।
- গাছ মজবুত বিধায় ঢলে পড়ে না।
- ডিগ পাতা খাড়া ও  সবুজ রঙের।
- ১০০০ টি পুষ্ট ধানের ওজন প্রায় ২৯.৩ গ্রাম।
- চালের আকার আকৃতি মোটা এবং রং সাদা।



ব্রি ধান৭৭

### এ জাতের বিশেষ প্রয়োজনীয়তা

ব্রি ধান৭৭ এর জীবনকাল ব্রি ধান৪৪ এর চেয়ে গড়ে ৩-৫ দিন আগাম কিন্তু গড় ফলন প্রতি হেক্টরে ০.৬ টন পর্যন্ত বেশী। এ জাতের চারার দৈঘ্য প্রায় ৬০ সেমি যা স্থানীয় জাতের যেমন- সাদামোটা, দুধকলম ইত্যাদির প্রায় সমান। জমিতে রোপনের পর জোয়ারভাটায় মাথা ভেসে থাকে তাতে পানির চাপেও গাছ বেঁচে থাকতে পারে।

### জীবনকাল

এ জাতের গড় জীবন কাল ১৫৪ দিন যা স্থানীয় জাত দুধকলমের প্রায় সমান।

### ফলন

হেক্টর প্রতি গড় ফলন ৪.৫ টন। তবে উপযুক্ত পরিচর্যা পেলে জোয়ারভাটা সহ্য করে হেক্টরে প্রতি ৫.০ টন পর্যন্ত ফলন দিতে সক্ষম।

### চাষাবাদ পদ্ধতি

এ ধানের চাষাবাদ অন্যান্য উফশী আমন ধানের জাতের মতই।

১. **বীজ তলায় বীজ বপন ঃ** বীজ বপনের উপযুক্ত সময় হলো ১৭-৩১ আষাঢ় অর্থাৎ (০১-১৫ জুলাই)।
২. **চারার বয়সঃ**  ৩৫-৪০ দিন। চারার বয়স ৫০-৫৫ দিন হলেও ফলনে তেমন হেরফের হয় না।
৩. **রোপণ দুরত্বঃ** ২৫ সেমি × ১৫সেমি ব্যবধানে রোপন করতে হবে।
৪. **চারার সংখ্যাঃ** প্রতি গোছায় ২-৩টি করে।
৫. **চাষের জন্য উপযুক্ত জমিঃ** মাঝারি নীচু থেকে স্বল্প নীচু জমি এ ধান চাষের জন্য উপযুক্ত।

৬. **সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা)ঃ**

| ৬.১ ইউরিয়া | ডিএপি | এমওপি | জিপসাম |
|---|---|---|---|
| ২৬ | ৮ | ১৪ | ৯ |

৬.২ জমি তৈরির শেষ চাষে সমস্ত ডিএপি/টিএসপি-এমওপি-জিপসাম প্রয়োগ করতে হবে। ইউরিয়া সমান ভাগে তিন কিস্তিতে প্রয়োগ করতে হবে। ১ম কিস্তি চারা রোপণের ৭-১০ দিন পর, ২য় কিস্তি চারা রোপণের ২৫-৩০ দিন পর এবং ৩য় কিস্তি কাইচ থোড় আসার ৫-৭ দিন পূর্বে প্রয়োগ করতে হবে।

*** ডিএপি সার ব্যবহার করলে সবক্ষেত্রেই প্রতি কেজিতে ৪০০ গ্রাম ইউরিয়া কম ব্যবহার করলেই হবে**

৭. **আগাছা দমন ঃ** রোপনের পর অন্তত ২৫-৩০ দিন পর্যন্ত জমি আগাছা মুক্ত রাখতে হবে।

৮. **সেচ ব্যবস্থাপনা ঃ** থোড় অবস্থা থেকে দুধ অবস্থা পর্যন্ত জমিতে পর্যাপ্ত রসের ব্যবস্থা রাখতে হবে।

৯. **রোগ বালাই ও পোকামাকড় দমন ঃ** ব্রি ধান৭৭ এ রোগ বালাই ও পোকামাকড়ের আক্রমণ প্রচলিত জাতের চেয়ে অনেক কম হয়। তবে রোগবালাই ও পোকা মাকড়ের আক্রমণ দেখা দিলে বা আক্রান্ত বেশী হলে অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করতে হবে।

১০. **ফসল কাটা ঃ** অগ্রহায়ন মাসের মাঝামাঝি (ডিসেম্বর মাসের ১ম সপ্তাহ) ধান কাটার উপযুক্ত সময়। শীষের শতকরা ৮০ ভাগ ধান পেকে গেলে দেরি না করে ধান কেটে নেওয়া উচিৎ।

আরো তথ্যের জন্য ঃ
পরিচালক (গবেষণা), ব্রি। ই-মেইলঃ dr@brri.gov.bd